প্রাপ্তি নং............... তারিখ.........
অফিস সুপার | অতিজরুরী/জরুরী/পেশ করুন/নথিজাত
হিসাব সহকারী
অফিস সহকারী
সার্টিফিকেট সহকারী
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
(জে. এম. শাখা)
www.jhenaidah.gov.bd

# বিজ্ঞপ্তি

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৪০০.০১৮.০৫.০৫১.২১- ৫৮৮

তারিখ: ০৪ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ
১৯ নভেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

এতদ্বারা জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ০৩-০৮-২০১৬ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫-৮২৬ নম্বর স্মারকে জারীকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ এর ৩০ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক ঝিনাইদহ জেলা ম্যাজিস্ট্রেসি থেকে ইস্যুকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্সসমূহ ২০২৪ সালের জন্য ছকে বর্ণিত তারিখ ও স্থানে নবায়ন করা হবে। উক্ত আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ নবায়নের জন্য পিস্তল, রিভলবার ও .২২ বোর রাইফেল লাইসেন্সের ক্ষেত্রে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এবং শর্টগান ও বন্দুক লাইসেন্সের ক্ষেত্রে সহকারী কমিশনার, জে.এম. শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহকে এতদ্বারা ক্ষমতা প্রদান করা হলো।

## আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের তারিখ, সময় ও স্থান

| ক্রমিক | উপজেলার নাম | আগ্নেয়াস্ত্রের ধরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|---|
| ১ | হরিণাকুন্ডু | বন্দুক ও শর্টগান | ০৭-১২-২০২৩ | সকাল ১০.০০ টা হতে বিকাল ৩.০০ টা পর্যন্ত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিণাকুন্ডু, ঝিনাইদহ |
| ২ | কালীগঞ্জ | ঐ | ১০-১২-২০২৩ | ঐ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ, ঝিনাইদহ |
| ৩ | কোটচাঁদপুর | ঐ | ১১-১২-২০২৩ | ঐ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোটচাঁদপুর, ঝিনাইদহ |
| ৪ | ঝিনাইদহ সদর | ঐ | ১২-১২-২০২৩ | ঐ | জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ (জে. এম. শাখা) |
| ৫ | মহেশপুর | ঐ | ১৩-১২-২০২৩ | ঐ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মহেশপুর, ঝিনাইদহ |
| ৬ | শৈলকুপা | ঐ | ১৮-১২-২০২৩ | ঐ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শৈলকুপা, ঝিনাইদহ |
| ৭ | ঝিনাইদহ সদর | পিস্তল, রিভলবার ও .২২ বোর রাইফেল | ২০-১২-২০২৩ | ঐ | জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ (জে. এম. শাখা)। |

## নবায়ন ফি

| লাইসেন্সধারীর নাম | আগ্নেয়াস্ত্রের ধরণ | নবায়ন ফি এবং ভ্যাট ১৫% |
|---|---|---|
| ব্যক্তি পর্যায় | পিস্তল/রিভলবার | ১০,০০০/-(দশ হাজার) টাকা এবং ভ্যাট ১৫% |
| | বন্দুক/শর্টগান/.২২ বোর রাইফেল | ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা এবং ভ্যাট ১৫% |
| আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায় | লং ব্যারেল | ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা এবং ভ্যাট ১৫% |
| প্রতিষ্ঠান পর্যায় | লং ব্যারেল | ১০,০০০/-(দশ হাজার) টাকা এবং ভ্যাট ১৫% |
| ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠান | | ২০,০০০/-(বিশ হাজার) টাকা এবং ভ্যাট ১৫% |
| সেফ কিপিং | | ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা এবং ভ্যাট ১৫% |

| জমার কোড নম্বর | |
|---|---|
| নবায়ন ফি | ১ ২২১১ ০০০০ ১৮৫৯ |
| ভ্যাট | ১ ১১৩৩ ০০০৫ ০৩১১ |

০১. লাইসেন্সধারীগণ জেলা ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ বরাবর ২০/- (বিশ) টাকার কোর্ট ফি সম্বলিত নির্ধারিত ফরমে আবেদন দাখিল করবেন।

০২. সনদপ্রাপ্ত (সরকারি গেজেটে প্রকাশিত) মুক্তিযোদ্ধা ও জাতীয় বেতন স্কেলের ষষ্ঠ ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত চাকুরিরত/অবসরপ্রাপ্ত সরকারি ক্যাডার সার্ভিস কর্মকর্তাদের ক্ষেত্রে পিস্তল/রিভলবার/রাইফেল/শর্টগান এর নবায়ন ফি প্রযোজ্য হবে না।

০৩. লাইসেন্স নবায়নের ক্ষেত্রে লাইসেন্সধারী ৮০ (আশি) বছরের উর্ধ্বে হলে লাইসেন্স নবায়নযোগ্য হবে না।

০৪. আগ্নেয়াস্ত্র নবায়নের সময় জাতীয় পরিচয়পত্র প্রদর্শন করতে হবে এবং নবায়নের আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি সংযুক্ত করতে হবে।

০৫. লাইসেন্সধারীকে আবেদনের সাথে অনলাইনে চালান যাচাইয়ের ০২ (দুই) টি কপি জমা দিতে হবে।

০৬. লাইসেন্স নবায়ন ফি ও ভ্যাট এ জেলার সোনালী ব্যাংকের যে কোন শাখায় নির্দিষ্ট কোডে জমা দিতে হবে।

স্বাক্ষরিত

এস. এম. রফিকুল ইসলাম
জেলা ম্যাজিস্ট্রেট
ঝিনাইদহ।
ফোন : ০৪৫১-৬২৩০১
e-mail dcjhenaidah@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৪০০.০১৮.০৫.০৫১.২১- ৫৫৫/(২৫০)

তারিখ: ০৪ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ
১৯ নভেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতির জন্য

১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট---------------------------------------(সকল)।

২। অধ্যক্ষ, ঝিনাইদহ ক্যাডেট কলেজ, ঝিনাইদহ।

৩। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, ঝিনাইদহ। ধার্য তারিখে সংশ্লিষ্ট থানার ০১ (এক) জন পুলিশ কর্মকর্তাকে থানার আগ্নেয়াস্ত্র রেজিস্টারসহ উপস্থিত থাকার নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৪। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ।

৫। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর/ শৈলকুপা/ হরিণাকুণ্ডু/ কালীগঞ্জ/ কোটচাঁদপুর/ মহেশপুর, ঝিনাইদহ। তাঁর উপজেলাধীন আগ্নেয়াস্ত্রধারীগণকে স্ব স্ব আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ নবায়নের বিষয়টি অবহিতকরণসহ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৬। সহকারী কমিশনার, জে.এম. শাখা, ঝিনাইদহ।

৭। নেজারত ডেপুটি কালেক্টর, ঝিনাইদহ। তাকে উল্লিখিত তারিখে প্রয়োজনীয় জ্বালানীসহ গাড়ি সরবরাহের জন্য অনুরোধ করা হলো।

৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধ করা হলো।

৯। জেলা তথ্য অফিসার, ঝিনাইদহ। তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১০। অফিসার-ইন-চার্জ, ঝিনাইদহ সদর থানা/ শৈলকুপা থানা/ হরিণাকুণ্ডু থানা/ কালীগঞ্জ থানা/ কোটচাঁদপুর থানা/মহেশপুর থানা, ঝিনাইদহ। তাদেরকে স্ব স্ব থানার আগ্নেয়াস্ত্রধারীগণের অস্ত্র ও গোলাবারুদসহ নির্ধারিত তারিখে উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১১। সম্পাদক, দৈনিক বীর জনতা, ঝিনাইদহ। বিষয়টি পত্রিকায় সৌজন্যমূলক প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১২। ম্যানেজার,----------------------------------------------স্যাটেলাইট, ঝিনাইদহ। বিষয়টি ক্যাবল নেটওয়ার্কের মাধ্যমে সৌজন্যমূলক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৩। জনাব---------------------------------------------------------------------------------------------।

১৯/১১/২০২৩

জেলা ম্যাজিস্ট্রেট
ঝিনাইদহ।